

U.S. Secretary of State Antony Blinken called on Prime Minister Narendra Modi

July 28, 2021

মার্কিন সেক্রেটারি অফ স্টেট অ্যান্টনি ব্লিন্কেনের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বৈঠক

জুলাই 28, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বুধবার বৈঠক করেছেন মার্কিন সেক্রেটারি অফ স্টেট অ্যান্টনি ব্লিন্কেন।

সেক্রেটারি ব্লিন্কেন, রাষ্ট্রপতি বাইডেন এবং উপরাষ্ট্রপতি হ্যারিসের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান। তিনি এর আগে বিদেশ মন্ত্রী এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে ফলপ্রসূ মত বিনিময় সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন এবং প্রতিরক্ষা, উপকূল সুরক্ষা, বাণিজ্য ও বিনিয়োগ, জলবায়ু পরিবর্তন এবং বিজ্ঞান ও প্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে ভারত-মার্কিন কৌশলগত সম্পর্ককে আরও দৃঢ় করে তোলার বিষয়ে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী, সেক্রেটারি ব্লিন্কেনের মাধ্যমে রাষ্ট্রপতি বাইডেন এবং উপরাষ্ট্রপতি হ্যারিসকে উষ্ণ অভ্যর্থনা জানান। কোয়াদ, কোভিড-১৯ এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিষয়ে রাষ্ট্রপতি বাইডেন যে উদ্যোগ নিয়েছেন তার জন্য উচ্ছ্বসিত প্রশংসাও ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

সেক্রেটারি ব্লিন্কেন বিস্তৃত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়ে ভারত এবং আমেরিকার মধ্যে ক্রমবর্ধমান সংযোগ ও এই পরিবর্তনকে দৃঢ় এবং বাস্তব সহযোগিতায় রূপান্তর করার জন্য উভয় দেশের কৌশলগত অংশীদারিত্বের ক্ষেত্রে প্রতিশ্রুতির প্রশংসা জানান।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে, ভারত ও মার্কিন সমাজ গণতন্ত্র, স্বাধীনতা এবং উদারতার মূল্যবোধের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতীয় সম্প্রদায় দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে।

প্রধানমন্ত্রী বলেন, কোভিড-১৯ –এর জেরে সঙ্কটময় পরিস্থিতিতে বিশ্বের আর্থিক অবস্থার পুনরুদ্ধার এবং জলবায়ু পরিবর্তনের ফলে আগামী দিনে ভারত-মার্কিন কৌশলগত অংশীদারিত্ব বিশ্বের মধ্যে আরও বেশি তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে।

নিউ দিল্লি

জুলাই 28, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.